# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২২

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن أم هَانِئ قَالَتْ: دَخَلَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «أَعِنْدَكِ شَيْءٌ» قُلْتُ: لَا إِلَّا خُبْزٌ يَابِسٌ وَخَلٌّ فَقَالَ: «هَاتِي مَا أَقْفَرَ بَيْتٌ مِنْ أَدم فِيهِ خَلٌّ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৪২২২-[৬৪] উম্মু হানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এসে বললেনঃ তোমার নিকট খাওয়ার কিছু আছে কি? আমি বললামঃ শুক্না রুটি ও সিরকা ব্যতীত কিছুই নেই। তিনি বললেনঃ তাই দাও। বস্তুতঃ যে ঘরে সিরকা আছে, সে ঘর তরকারীশূন্য নয়। (তিরমিযী এবং তিনি বলেছেনঃ হাদীসটি হাসান ও গরীব।)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১৮৪২, সিলসিলাতুস্ সহীহাহ্ ২২২০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৫০৩, সহীহ আত্ তারগীব আত তারহীব ২১২৫, সহীহুল জামি‘ ৫৫৪৪, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ১৯৫৭০, মুসনাদে আহমাদ ১৪৮৪৯, শু‘আবুল ঈমান ৫৯৪৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৫০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আল জাযারী (রহিমাহুল্লাহ) আন্ নিহায়াহ্ গ্রন্থে উল্লেখ করেছেন যে, যে পরিবারে সিরকা রয়েছে সে পরিবার তরকারীহীন খাদ্য খাওয়ার মতো অভাবী নয়। এখানে القفار হলো তরকারীহীন খাদ্য। ব্যক্তি তখনই তরকারীহীন হয় যখন সে শুধুমাত্র রুটি খায় এবং তাতে অন্য কিছুর মিশ্রণ থাকে না। মূলত القفار (ক্বিফার) সে নির্জন ভূমিকে বলা হয় যাতে কোন ধরনের পানি না থাকে। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৪২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন